# দেশের মর্যাদার বিনিময়ে বিশ্বকাপ খেলব না: আসিফ নজরুল



সংগৃহীত ছবি

বাংলাদেশ যুব ও ক্রীড়া উপদেষ্টা ড. আসিফ নজরুল বলেছেন, আমাদের কঠোর পরিশ্রমের মাধ্যমে কোয়ালিফাই করে বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন হয়েছে। আমরা ক্রিকেটপ্রেমী জাতি, খেলতে চাইই। কিন্তু দেশের মর্যাদা, খেলোয়াড়দের ও দর্শকদের নিরাপত্তার সঙ্গে আপোষ করে অংশগ্রহণ করা কখনোই গ্রহণযোগ্য নয়।

বুধবার (৭ জানুয়ারি) সচিবালয়ে বিসিবির পরিচালকদের সঙ্গে বৈঠকের পরে সাংবাদিকদের সঙ্গে আলাপে তিনি বলেন, "আইসিসি থেকে প্রাপ্ত চিঠি দেখার পর স্পষ্ট হলো ভারতে আমাদের খেলোয়াড়দের নিরাপত্তা ঝুঁকির মধ্যে। এটি শুধু নিরাপত্তার সমস্যা নয়, জাতীয় মর্যাদারও বিষয়। আমরা এ বিষয়ে আপোষ করব না।"

ভারতের সাম্প্রদায়িক পরিস্থিতি নিয়ে মন্তব্য না করলেও, ড. আসিফ পুনরায় জোর দিয়ে বলেন, "আমাদের প্রধান উদ্বেগ খেলোয়াড়দের নিরাপত্তা, দেশের মর্যাদা ও সম্মান। আমরা চাই বিশ্বকাপে খেলি, তবে প্রয়োজন হলে অন্য আয়োজক দেশ—শ্রীলঙ্কায়—খেলার বিকল্প বিবেচনা করব। আমাদের অবস্থান অনড়।"

তিনি জানান, বিসিবি আইসিসিকে যুক্তিসঙ্গত অবস্থান জানাবে। "আমাদের যুক্তি যথেষ্ট শক্ত। আমরা দেশের নিরাপত্তা ও মর্যাদার সঙ্গে আপোষ করব না। আশা করি, আইসিসি আমাদের পরিস্থিতি বুঝে আমরা অর্জিত এই সুযোগে বিশ্বকাপে অংশগ্রহণ করতে পারব।" চিঠি পাঠানো হবে আজ রাত বা আগামীকাল সকালে।